দৈনিক বাংলা

তারিখ 21 NOV 1995 পৃষ্ঠা ৭ কলাম ২

তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

আসন বৃদ্ধির আন্দোলনে সময় শেষ

# সা'দত বিশ্ববিদ্যালয় কলেজে কোন ছাত্র ভর্তি হতে পারেনি

নিজস্ব সংবাদদাতা ঃ টাঙ্গাইল।— সা'দত বিশ্ববিদ্যালয় কলেজে এমএ প্রথম পর্বে ভর্তির তারিখ শেষ হলেও কোন ছাত্রছাত্রী ভর্তি হতে পারেনি। ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা বিভিন্ন বিভাগীয় কার্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে। ফলে, প্রশাসনিক কাজ বন্ধ রয়েছে। আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা কলেজ ক্যাম্পাসে সমাবেশ-মিছিল করছে আসন বৃদ্ধির জন্য।

এমএ ভর্তি হতে ন্যূনতম যোগ্যতা ৫ পয়েন্ট চাওয়া হলেও ৭ পয়েন্টের কম ছাত্রছাত্রীরা ভর্তির জন্য মনোনীত হতে পারেনি। কলেজের ৫টি বিভাগের এমএ প্রথম পর্বে আসন সংখ্যা মাত্র ৪৫০টি। এই ৪৫০টি আসনের বিপরীতে দরখাস্ত পড়েছে ৩ হাজার ১শ'টি। এর মধ্যে রাষ্ট্রবিজ্ঞানে ১২০টি আসনের জন্য ৮০০, হিসাববিজ্ঞানে ৬০টি আসনের জন্য ৩০০, ইতিহাস বিভাগে ১২০টি আসনের জন্য ৯০০, বাংলা বিভাগে ৮০টি আসনের জন্য ৬০০ এবং প্রাণিবিদ্যা বিভাগে ৬০টি আসনের জন্য ৫০০ দরখাস্ত জমা পড়েছে।

জানা যায়, আসন সংখ্যা বৃদ্ধির জন্য কয়েকবার জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসির সাথে যোগাযোগ করা হয়। কলেজ থেকে দুটি শিফটও চালুর প্রস্তাব দেয়া হয়। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আসন সংখ্যা বৃদ্ধির ব্যাপারে কোন সিদ্ধান্তই দেয়নি।

এদিকে, আসন সংখ্যা বৃদ্ধির দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য পরিষদ গত ৩ নবেম্বর টাঙ্গাইল প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কলেজ ছাত্র সংসদের এজিএস ছাত্রদল নেতা সৈয়দ মোহাম্মদ নোমান। সম্মেলনে ছাত্র নেতৃবৃন্দ বলেন, উচ্চ শিক্ষার প্রসারের লক্ষ্যে কলেজ থেকে চলতি বছর ইন্টারমিডিয়েট শ্রেণী তুলে দেয়া হয়েছে এবং বিষয়টি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সুনির্দিষ্ট বিষয়টি অবহিত হওয়ার পরও আসন সংখ্যা বৃদ্ধি করছে না। তারা অবিলম্বে আসন সংখ্যা বৃদ্ধির দাবী জানান।